



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৫০০.৯৯.০০৬.২০.২৬/৩

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৮

২৬ এপ্রিল ২০২১

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১৩-তম গ্রেড (উন্নীত স্কেল) এ বেতন নির্ধারণ কার্যক্রম অনতিবিলম্বে সম্পাদনের নিমিত্ত মাঠ পর্যায়ে কর্মপরিকল্পনা প্রেরণ ও বাস্তবায়ন।

সূত্র: ১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং- ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯১.১৯-৯৫, তারিখঃ ০৯/০২/২০২০ খ্রি.

২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১, অধিশাখা এর স্মারক নং- ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০৭.১৩-৯১, তারিখঃ ১২/০৮/২০২০ খ্রি.

৩। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১, অধিশাখা এর স্মারক নং- ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০১.১৭(অংশ)-১৭, তারিখঃ ১৯/০১/২০২১ খ্রি.

৪। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৮.০১.০০০০.৫০০.৯৯.০০৬.২০.১৬, তারিখ: ১৭ এপ্রিল ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষকবৃন্দের বেতন স্কেল বিগত ০৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ১৩-তম গ্রেড এ উন্নীত করা হয় এবং এ সংক্রান্ত অপশন iBAS++ সফটওয়্যার এ ফেব্রুয়ারি ২০২১ মাসে সংযুক্ত করে জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসারের ডিডিও আইডি হতে বেতন নির্ধারণের সুযোগ প্রদান করা হয়। সফটওয়্যার এ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রির চেয়ে কম শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের উন্নীত স্কেলে বেতন নির্ধারণের অপশন সংযোজনের জন্য ইতোমধ্যেই সূত্রোক্ত ৪ নং স্মারকে iBAS++ প্রকল্প দপ্তরকে পত্র প্রদান করা হয়েছে এবং সহসা তা সংযোজিত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কিন্তু মাঠ পর্যায়ে অধিকাংশ উপজেলা শিক্ষা অফিস কর্তৃক সহকারী শিক্ষকদের বর্ণিত উন্নীত স্কেলে বেতন নির্ধারণ কার্যক্রম অদ্যাবধি সম্পূর্ণ হয়নি এবং এর ফলে শিক্ষকবৃন্দ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন মর্মে জানা যায়।

২। এমতাবস্থায়, উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সমাপনের নিমিত্ত মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তরসমূহের জন্য নিম্নবর্ণিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে:

উপজেলা শিক্ষা অফিসার এর করণীয়ঃ

কার্যক্রমের বিবরণ	কার্যক্রম সমাপ্তির সর্বশেষ সময়সীমা
শিক্ষকবৃন্দের প্রয়োজনীয় তথ্যাদি (নাম, বিদ্যালয়ের নাম, যোগদানের তারিখ, জাতীয় পরিচয়পত্রের নম্বর, বর্তমান বেতন গ্রেড, ১৫/১২/২০১৫ তারিখের পূর্বে প্রাপ্ত টাইমস্কেল/উচ্চতর গ্রেড প্রাপ্তির সংখ্যা ও প্রাপ্তির তারিখ ইত্যাদি) হকে সংকলিত করে অন্যান্য প্রয়োজনীয় রেকর্ডপত্র স্ব স্ব জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণপূর্বক প্রাপ্তিস্বীকার গ্রহণ।	২৮ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসের সাথে সমন্বয় করে তাদের মাধ্যমে উন্নীত স্কেল বেতন নির্ধারণ কার্যক্রম সমাপ্তকরণ।	২৯ এপ্রিল ২০২১ হতে ০৫ মে ২০২১ খ্রিষ্টাব্দ এর মধ্যে
নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত বেতন নির্ধারণ কার্যক্রম সম্পাদনে কোন সমস্যা উদ্ভূত হলে তার উল্লেখসহ কর্মরত শিক্ষকদের মধ্যে কতজন শিক্ষকের বেতন উন্নীত স্কেলে নির্ধারণ করা হয়েছে এবং কতজনের হয়নি তা প্রতিবেদন আকারে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর নিকট দাখিল।	০৬ মে ২০২১ খ্রিষ্টাব্দ

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর করণীয়ঃ

কার্যক্রমের বিবরণ	কার্যক্রম সমাপ্তির সর্বশেষ সময়সীমা
উপজেলা শিক্ষা অফিসারগণের নিকট হতে প্রাপ্ত তথ্যাদি সংকলনকরত: জেলাভিত্তিক বিস্তারিত প্রতিবেদন স্ব স্ব বিভাগীয় উপপরিচালক এর কার্যালয়ে প্রেরণ	০৯ মে ২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় উপপরিচালক এর করণীয়ঃ

কার্যক্রমের বিবরণ	কার্যক্রম সমাপ্তির সর্বশেষ সময়সীমা
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণের নিকট হতে প্রাপ্ত জেলাভিত্তিক বিস্তারিত প্রতিবেদন পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর নিকট প্রেরণ।	১০ মে ২০২১ খ্রিষ্টাব্দ

৩। বর্ণিত কর্মপরিকল্পনার আলোকে নির্ধারিত সময়সীমার মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষকবৃন্দের বেতন স্কেল ১৩-তম গ্রেডে নির্ধারণ কার্যক্রম বিনা ব্যর্থতায় যথাযথভাবে বাস্তবায়নপূর্বক পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর প্রতিবেদন এর হার্ডকপি ডাকযোগে এবং সফটকপি dirfinancedpe@gmail.com এই ঠিকানায় ই-মেইলযোগে আগামী ১০ মে ২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। বিষয়টি অতীব জরুরী।



২৬-৪-২০২১

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)

বিতরণ :

১) বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, সকল

বিভাগ

২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),

জেলা।

৩) উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা,
..... জেলা।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৫০০.৯৯.০০৬.২০.২৬/৩/১(৫)

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৮
২৬ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

৪) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, সেগুন বাগিচা,
ঢাকা।

৫) জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার (সকল),জেলা/উপজেলা।



২৬-৪-২০২১

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)